# ২০২৩

## ষষ্ঠ সেমেস্টার

## বাংলা - সাম্মানিক

### পত্র : CC-13

### (আধুনিক বাংলা কাব্য-কবিতা)

### পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) 'সোমের প্রতি তারা' পত্রিকায় পুরাণের নবরূপায়ণ কীভাবে ঘটেছে আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) পত্রকাব্য হিসাবে বীরাঙ্গনা কাব্যের সার্থকতা বিচার করো। ১০

২। (ক) 'দেবতারে প্রিয় করি, প্রিয়েরে দেবতা', তত্ত্বটি 'বৈষ্ণব কবিতা' অবলম্বনে প্রতিষ্ঠা করো। ১০

*অথবা,*

(খ) নজরুল ইসলাম তাঁর 'নারী' কবিতায় যেভাবে নারীত্বের স্তুতি করেছেন, তা বিশ্লেষণ করো। ১০

৩। (ক) 'রবীন্দ্রনাথের প্রতি' কবিতার পটভূমি আলোচনা করে রবীন্দ্রনাথের প্রতি কবি বুদ্ধদেব বসুর মনোভাব ব্যক্ত করো। ১০

*অথবা,*

(খ) 'বোধন' কবিতায় কবির বক্তব্য কীভাবে ফুটে উঠেছে তা তোমার নিজের ভাষায় লেখো। ১০

৪। (ক) 'জনা' চরিত্রটিকে কি যথার্থ ট্র্যাজিক চরিত্র বলা যায়? আলোচনা করো। ৫

*অথবা,*

(খ) শকুন্তলা'র পত্রিকা কীভাবে একটি অভিযোগপত্র হয়ে উঠেছে বুঝিয়ে দাও। ৫

৫। (ক) 'ঠাঁই নাই, ঠাঁই নাই, ছোট সে তরী', কবির এই বক্তব্যের নিহিতার্থ কী? ৫

*অথবা,*

(খ) 'বিদ্রোহী' কবির বিদ্রোহ-র কারণ অনুসন্ধান করো। ৫

৬। (ক) 'সোহংবাদ' কবিতাটির আধ্যাত্মিক সুরটির পরিচয় দাও। ৫

*অথবা,*

(খ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'বধূ' কবিতা অবলম্বনে বধূর মর্মবেদনার স্বরূপটি আলোচনা করো। ৫

**Please Turn Over**

৭। *যে-কোনো একটি* প্রশ্নের উত্তর দাও। ৫×১

(ক) 'বীরাঙ্গনা' কাব্যের নায়িকারা কোন অর্থে আধুনিক, বুঝিয়ে দাও।

(খ) কবির 'নিরুদ্দেশ যাত্রা'র সংক্ষিপ্ত পরিচয় দাও।

(গ) 'স্মৃতির শহরে' কবিতা অবলম্বনে কবির প্রতীক্ষার স্বরূপ আলোচনা করো।

৮। সংক্ষেপে উত্তর দাও। ১×১৫

(ক) 'প্রেম মন্ত্র দিও কর্ণমূলে।' —কে, কাকে বলেছেন?

(খ) 'বীরাঙ্গনা' কাব্যটির সঙ্গে কোন পাশ্চাত্য কাব্যগ্রন্থের তুলনা করা হয়?

(গ) 'দুষ্মন্তের প্রতি শকুন্তলা' পত্রিকায় কোন নাটকের ছায়া পড়েছে?

(ঘ) 'কেমনে অধর্ম কর্ম করিবে রুক্মিণী?' কোন কর্মকে রুক্মিণী অধর্ম বলেছেন?

(ঙ) 'লয়ে ফুলবৃন্ত, কান্ত, নয়ন কাজলে/লিখিনু', চিঠিটি কে, কাকে লিখছেন?

(চ) 'সঞ্চিতা' কাব্যগ্রন্থটির প্রকাশকাল লেখো।

(ছ) 'অভিশাপ' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?

(জ) 'দেখালে সমুখে প্রসারি কর।' —কবি কী দেখলেন?

(ঝ) 'সোনার তরী' কবিতায় কবি কোন ঋতুর কথা লিখছেন বলে মনে হয়?

(ঞ) 'বসুন্ধরা' কবিতায় কবি 'আমারে ফিরায়ে লহো', বলে কোথায় ফিরতে চেয়েছেন?

(ট) গাড়িবারান্দার তলা থেকে কারা ছুটে আসবে?

(ঠ) 'রাত্রি' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?

(ড) 'বৃক্ষ' কবিতাটি কোন কাব্যগ্রন্থে আছে?

(ঢ) কোন কোন নাচের মুদ্রায় ভারতবর্ষ খোদিত?

(ণ) 'মাতরিশ্বা' শব্দের অর্থ কী?

———————

# ২০২৩

## ষষ্ঠ সেমেস্টার

## বাংলা - সাম্মানিক

## পত্র : CC-14

## [ সংস্কৃত, ইংরেজি ও প্রতিবেশী (হিন্দি) সাহিত্যের ইতিহাস ]

## পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) কালিদাসের যে-কোনো দুটি কাব্য অবলম্বনে সংস্কৃত কাব্যসাহিত্যে তাঁর কালোত্তীর্ণ প্রতিভার মূল্যায়ন করো। ১০

*অথবা,*

(খ) শূদ্রকের নাট্যকৃতির বিশেষত্ব আলোচনা করো। ১০

২। (ক) শেক্সপিয়রের ট্র্যাজেডিগুলির নাম উল্লেখ করে ট্র্যাজেডি-রচয়িতা হিসাবে তাঁর কৃতিত্ব বিচার করো। ১০

*অথবা,*

(খ) 'শেলি রোমান্টিক যুগের শ্রেষ্ঠ গীতিকবি'। —শেলির গীতিকবিতার স্বরূপ আলোচনা করে এই মন্তব্যের যাথার্থ্য বিচার করো। ১০

৩। (ক) 'ছায়াবাদ' কী? ছায়াবাদী কবি হিসাবে 'নিরালা'-র মূল্যায়ন করো। ৩+৭

*অথবা,*

(খ) ঔপন্যাসিক ফণীশ্বরনাথ রেণুর কৃতিত্ব বিচার করো। ১০

৪। (ক) 'উত্তররামচরিত' নাটকে ভবভূতির মৌলিকতার স্বরূপ উদ্‌ঘাটন করো। ৫

*অথবা,*

(খ) 'গীতগোবিন্দম্' কাব্যটির বিশেষত্ব সংক্ষেপে লেখো। ৫

৫। (ক) 'লিরিক্যাল ব্যালাডস্' কাব্যটির গুরুত্ব আলোচনা করো। ৫

*অথবা,*

(খ) ঔপন্যাসিক ভার্জিনিয়া উলফ্-এর বৈশিষ্ট্য সংক্ষেপে বিবৃত করো। ৫

৬। (ক) 'ভারতজননী' অবলম্বনে ভারতেন্দু হরিশচন্দ্রের কৃতিত্বের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

*অথবা,*

(খ) মুন্সী প্রেমচাঁদের 'গোদান' উপন্যাসটির সংক্ষিপ্ত মূল্যায়ন করো। ৫

৭। *যে-কোনো একটি* বিষয়ে সংক্ষিপ্ত টীকা লেখো। ৫×১

(ক) কাদম্বরী

(খ) আইভ্যান্ হো

(গ) 'যামা' কাব্য

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) 'মেঘদূত' কোন ছন্দে লেখা?

(খ) শ'কার চরিত্র কোন নাটকে আছে?

(গ) 'মালতীমাধব' নাটকটির রচয়িতা কে?

(ঘ) 'কাদম্বরী' কাব্যের কোন চরিত্রকে রবীন্দ্রনাথ 'উপেক্ষিতা' বলেছেন?

(ঙ) জয়দেব কোন রাজার সভাকবি ছিলেন?

(চ) ডেসডিমোনা ও শাইলক চরিত্রদুটি কোন নাটকে আছে?

(ছ) 'দ্য ওয়েভস্' উপন্যাসটির রচয়িতা কে?

(জ) 'বাংলার স্কট' কাকে বলা হয়?

(ঝ) 'ওড টু এ নাইটেঙ্গল' কাব্যটি কার রচনা?

(ঞ) 'মার্ডার ইন দ্য ক্যাথিড্রাল' নাটকটি কার লেখা?

(ট) যমুনা নদীকে অবলম্বন করে সূর্যকান্ত ত্রিপাঠীর দীর্ঘ কবিতাটির নাম কী?

(ঠ) ভারতেন্দু হরিশচন্দ্র সম্পাদিত একটি পত্রিকার নাম লেখো।

(ড) 'সদ্গতি' গল্পের রচনাকার কে?

(ঢ) 'দীপশিখা' কাব্যটি কত সালে প্রকাশিত হয়?

(ণ) 'মৈলা আঁচল' কী ধরণের উপন্যাস?

২০২৩

ষষ্ঠ সেমেস্টার

# বাংলা - সাম্মানিক

পত্র : DSE-A-3

[ বাংলা গোয়েন্দা সাহিত্য, কল্পবিজ্ঞান আশ্রয়ী রচনা এবং অলৌকিক কাহিনি ]

পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) রহস্যকাহিনি হলেও শরদিন্দু বন্দ্যোপাধ্যায়ের 'শজারুর কাঁটা' প্রেমকাহিনি হিসেবেও সমান উপভোগ্য। — মন্তব্যটি বিচার করো। ১০

*অথবা,*

(খ) 'শজারুর কাঁটা' উপন্যাস অবলম্বনে 'দেবাশিস' চরিত্রটির পরিচয় দাও। ১০

২। (ক) প্রোফেসর শঙ্কু-র গল্পগুলি কল্পবিজ্ঞান হিসেবে কতখানি সার্থক হয়ে উঠেছে তা তোমার পাঠ্য দুটি গল্প অবলম্বনে আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) 'যন্ত্রই যন্ত্রকে চেনে ভালো'। — প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির তাৎপর্য আলোচনা করো। ১০

৩। (ক) 'সব ভুতুড়ে' গল্পগ্রন্থের গল্পগুলি ভূতের গল্প হলেও ভূতের তথাকথিত বীভৎস চেহারা নিয়ে হাজির হয় না। — আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) 'সব ভুতুড়ে' গল্পগ্রন্থের দুটি গল্প অবলম্বনে লেখিকার দেশসম্পর্কিত ভাবনার পরিচয় দাও। ১০

৪। (ক) 'শজারুর কাঁটা' উপন্যাসে উপক্রম ও অনুক্রম অংশের ভূমিকা সংক্ষেপে আলোচনা করো। ৫

*অথবা,*

(খ) 'ব্যোমকেশ বিদ্যুদ্বেগে পিছু ফিরল'। — প্রসঙ্গ উল্লেখ করে ঘটনার বিবরণ দাও। ৫

৫। (ক) 'মহাকাশের দূত' গল্পে দূতের বার্তাগুলো সম্পর্কে আলোচনা করো। ৫

*অথবা,*

(খ) 'শঙ্কু ও আদিম মানব' গল্প অবলম্বনে আদিম মানুষের পরিচয় দাও। ৫

৬। (ক) 'সব ভুতুড়ে' গল্পগ্রন্থটিতে যে মানবিক আবেদনের প্রকাশ ঘটেছে, তা যে-কোনো একটি গল্প অবলম্বনে লেখো। ৫

*অথবা,*

(খ) 'সোনালি-রূপালি' গল্পে লেখিকার রোমান্টিক অনুভূতির অভিব্যক্তি কীভাবে প্রকাশ পেয়েছে তা লেখো। ৫

৭। টীকা লেখো (*যে-কোনো একটি*)। ৫×১

(ক) দীপা চরিত্র

(খ) মঙ্গল গ্রহ থেকে টাফা গ্রহে পৌঁছানো ও টাফাবাসের অভিজ্ঞতা

(গ) অহিদিদির বন্ধুরা।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) খ্রিস্টকে উনোরা কোথায় রাখেন?

(খ) জগুবোসের স্ত্রীর নাম কী? তিনি কোথায় থাকতেন?

(গ) কী কী গাছের নাম আমরা 'শেল্টার' গল্পে পাই?

(ঘ) কুট্টিবাবু কে ছিলেন?

(ঙ) শিবু, সিজি, গুজির পরিচয় কী ছিল?

(চ) ম্যাকাওটির আদি বাসস্থান কোথায় ছিল?

(ছ) অ্যানাইহিলিং ট্যাবলেটে কত রকমের অসুখ সারে?

(জ) বিবর্তনের ঔষধ নিয়ে শঙ্কু এবং ক্লাইনের মধ্যে কী পার্থক্য ছিল?

(ঝ) 'গোল্ড মাইন' শব্দটি কে, কোন প্রসঙ্গে ব্যবহার করেছিলেন?

(ঞ) 'হিপনোজেন' কথাটির অর্থ কী?

(ট) শজারুর কাঁটার আঘাতে মৃত তৃতীয় ব্যক্তির নাম কী?

(ঠ) 'দেবাশিস প্রায়ই সেখানে যায়'। — দেবাশিস প্রায়ই কোথায় যায়?

(ড) দীপার ঠাকুরদাদার নাম কী?

(ঢ) ব্যোমকেশের সহকারীর নাম কী ছিল?

(ণ) 'শজারুর কাঁটা' উপন্যাসে মধ্যযুগের কোন কোন বিখ্যাত কবির শ্লোকের উল্লেখ আছে?

# ২০২৩

## ষষ্ঠ সেমেস্টার

## বাংলা - সাম্মানিক

## পত্র : DSE-A-4

## [ তুলনামূলক সাহিত্য ]

পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্যে, প্রবন্ধে ও সাহিত্য সমালোচনায় কালিদাসের অনুষঙ্গ বারবার স্থান করে নিয়েছে। — কয়েকটির উল্লেখ করে প্রসঙ্গটি আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) মধ্যযুগের বাংলা সাহিত্যে জয়দেবের প্রভাব কীভাবে পরিলক্ষিত হয়, তা উদাহরণসহ দেখাও। ১০

২। (ক) বাংলা নাটকের সূচনালগ্নে (উনিশ শতকের দ্বিতীয়ার্ধে) নাট্যরচনা ও মঞ্চভাবনায় শেক্সপিয়রের প্রভাব সম্পর্কে লেখো। ১০

*অথবা,*

(খ) বিশ শতকের প্রথমার্ধের বাঙালি কবিদের উপর কবি টি. এস. এলিয়টের প্রভাব সম্পর্কে আলোচনা করো। ১০

৩। (ক) হিন্দি ও অসমিয়া সাহিত্যে রবীন্দ্র প্রভাব বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) শরৎচন্দ্র ও মুন্সী প্রেমচাঁদের সাহিত্য ভাবনার একটি তুলনামূলক আলোচনা করো। ১০

৪। (ক) রবীন্দ্রনাথের প্রকৃতিচেতনায় কালিদাসের প্রভাব সম্পর্কে সংক্ষেপে লেখো। ৫

*অথবা,*

(খ) জয়দেব সম্পর্কে বঙ্কিমচন্দ্রের ভাবনার সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

৫। (ক) ঊনবিংশ শতকের বাংলা সনেট রচনায় শেক্সপিয়রের প্রভাব কতখানি, তা দেখাও। ৫

*অথবা,*

(খ) বিষ্ণু দে'র চিত্রকল্প রচনায় কবি টি. এস. এলিয়টের প্রভাব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

Please Turn Over

৬। (ক) মরাঠি সাহিত্যে রবীন্দ্রনাথের প্রভাব সম্পর্কে সংক্ষেপে লেখো। ৫

*অথবা,*

(খ) গ্রামজীবনের রূপায়ণের ক্ষেত্রে শরৎচন্দ্র ও প্রেমচাঁদের দৃষ্টিভঙ্গির তুলনামূলক আলোচনা করো। ৫

৭। *যে-কোনো একটি* বিষয়ে টীকা লেখো। ৫×১

(ক) অভিজ্ঞানশকুন্তলম্

(খ) দ্য ওয়েস্টল্যান্ড

(গ) অভাগীর স্বর্গ

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) কালিদাসের দু'টি মহাকাব্যের নাম লেখো।

(খ) 'আমি যদি জন্ম নিতেম কালিদাসের কালে'— এটি কোন কবিতার অংশ?

(গ) শকুন্তলা-র দুই সখী চরিত্রের নাম লেখো।

(ঘ) 'গীতগোবিন্দম্' কাব্য ক'টি সর্গে বিভক্ত?

(ঙ) 'ভ্রান্তিবিলাস' শেক্সপিয়র-এর কোন নাটকের ভাবানুবাদ?

(চ) ডানকান শেক্সপিয়র-এর কোন নাটকের চরিত্র?

(ছ) জ্যোতিরিন্দ্রনাথের কোন নাটকে শেক্সপিয়র-এর 'এ মিডসামার নাইটস্ ড্রিম' নাটকের ছায়াপাত ঘটেছে?

(জ) টি. এস. এলিয়টের 'জার্নি অব দ্য ম্যাজাই' কবিতাটি অনুবাদ করেছেন এমন একজন বাঙালি কবির নাম লেখো।

(ঝ) টি. এস. এলিয়টের 'ফোর কোয়ার্ট্রেট'-এর একজন বাঙালি অনুবাদক কবির নাম লেখো।

(ঞ) মহাদেবী বর্মার 'চিনী ফেরিওয়ালা' গল্পের সঙ্গে রবীন্দ্রনাথের কোন বিখ্যাত ছোটোগল্পের মিল খুঁজে পাওয়া যায়?

(ট) রবীন্দ্রনাথের 'চোখের বালি' উপন্যাসটি হিন্দিতে কী নামে অনূদিত হয়েছে?

(ঠ) আসামের কোন কবি নিজেকে 'ভানুনন্দন' আখ্যা দিয়েছেন?

(ড) হিন্দি সাহিত্যের একজন 'ছায়াবাদী' কবির নাম লেখো।

(ঢ) মনুষ্যেতর প্রাণীকে নিয়ে লেখা প্রেমচন্দের একটি গল্পের নাম লেখো।

(ণ) শরৎচন্দ্রের একটি রাজনৈতিক উপন্যাসের নাম লেখো।

# ২০২৩

## ষষ্ঠ সেমেস্টার

## বাংলা - সাম্মানিক

## পত্র : DSE-B-4

## [ লোকসংস্কৃতি ও লোকসাহিত্য ]

পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) "সেকাল হোক বা একাল লোকসংস্কৃতির মৌল বৈশিষ্ট্যগুলো সবকালেই অপরিবর্তিত।" — এ বিষয়ে তথ্যভিত্তিক আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) "পরমার্থ কামনা নয় ইহলৌকিক কামনাই ব্রত পালনের মুখ্য সুর।" — সেঁজুতি ব্রতানুষ্ঠানের পরিপ্রেক্ষিতে উক্তিটির যাথার্থ্য প্রতিপন্ন করো। ১০

২। (ক) 'ছৌ' নাচ বলতে কী বোঝো? এর বিশেষ বৈশিষ্ট্য ও ধারা সম্পর্কে আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) ধাঁধার উদ্ভব সংক্রান্ত মতবাদগুলি সংক্ষেপে আলোচনা করো। ১০

৩। (ক) বাংলা আঞ্চলিক লোকগীতি হিসাবে ভাটিয়ালির পরিচয় দাও। ১০

*অথবা,*

(খ) "রূপকথা লোককথার ভাণ্ডারটিকে সমৃদ্ধ করেছে।" — এ বিষয়ে তোমার অভিমত ব্যক্ত করো। ১০

৪। (ক) লোকসাহিত্যের শ্রেণিবিভাগ করো। ৫

*অথবা,*

(খ) টাইপ ও মোটিফ কী বুঝিয়ে দাও। ৫

৫। (ক) বাংলা লোকছড়ায় অনেকসময়ই বিভিন্ন পর্বান্তর পাওয়া যায়। একটি পরিচিত ছড়ার দুটি পর্বান্তর লেখো। এরকম পর্বান্তরের কারণ জানাও। ৫

*অথবা,*

(খ) 'রায়বেশে' লোকনৃত্যের বিশেষ বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো। ৫

৬। (ক) বাংলা প্রবাদে সামাজিক অভিজ্ঞতার প্রকাশ ঘটেছে।— আলোচনা করো। ৫

*অথবা,*

(খ) “বাউল সাধনার মূল বক্তব্য মানবতত্ত্ব। লালনের গান এই তত্ত্বের প্রকৃষ্ট সমর্থক।” — ব্যাখ্যা করো। ৫

৭। *যে-কোনো একটি* বিষয়ে টীকা লেখো। ৫×১

(ক) মাঘমণ্ডল

(খ) গম্ভীরা

(গ) ভাওয়াইয়া।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) ‘Folklore’ শব্দটি কে প্রস্তাব করেন?

(খ) ‘Folklore’-এর বাংলা প্রতিশব্দ ‘লোকসংস্কৃতি’ ছাড়া অন্য একটি বাংলা প্রতিশব্দের উল্লেখ করো।

(গ) টাইপ ও মোটিফ পদ্ধতি কবে থেকে শুরু হয়?

(ঘ) ‘বাংলার ব্রত’ গ্রন্থটির প্রকাশকালসহ রচয়িতার নাম লেখো।

(ঙ) ‘ব্রত’ শব্দের ব্যুৎপত্তিগত অর্থ নির্দেশ করো।

(চ) গম্ভীরা কোন অঞ্চলের লোকনৃত্য?

(ছ) রায়বেশে শব্দের অর্থ কী?

(জ) একজন প্রখ্যাত ‘ছৌ’ নৃত্যশিল্পীর নাম লেখো।

(ঝ) ধাঁধা শব্দটির উৎস কোন শব্দ?

(ঞ) একটি সাহিত্যিক ধাঁধার উদাহরণ দাও।

(ট) ছড়া ও ধাঁধার মধ্যে একটি পার্থক্য নির্দেশ করো।

(ঠ) ‘বাংলার ছেলেভুলানো ছড়া’ প্রবন্ধটি কার লেখা?

(ড) প্রবাদ ও প্রবচনের মধ্যে একটি পার্থক্য নির্দেশ করো।

(ঢ) সামাজিক দ্বন্দ্ব সম্পর্কিত একটি প্রবাদের উল্লেখ করো।

(ণ) সমতলের নদী ও নৌকার প্রসঙ্গ পাওয়া যায় কোন লোকগানে?

---